গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের অক্টোবর/২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইলিয়াস হোসেন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৫ অক্টোবর/ ২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | জুম প্লাটফর্মে |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের অক্টোবর/২২ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা অবজারভেশন আছে কিনা জানতে চান। কোন মতামত বা অবজারভেশন না থাকায় সর্বসম্মতিতে গত ২৫-৯-২০২২ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর/২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৫-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| ভূবিজ্ঞান সংক্রান্ত | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১। | ২০২২-২০২৩ অর্থবছরের বহিরংগন সম্পর্কিত আলোচনায় জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় বলেন যে, সেপ্টেম্বর ও অক্টোবর মাসে ৩টি বহিরংগন কর্মসূচি বাস্তবায়নের কথা রয়েছে। তার মধ্যে বৈশ্লেষিক রসায়ন শাখা থেকে "মংলা উপজেলার বন্দর ও তৎসংলগ্ন এলাকার মাটি ও পানিতে স্থানীয় শিল্পের দূষণ ও পরিমাণ নির্ণয়" শীর্ষক কর্মসূচিটি সম্পন্ন করা হয়েছে। ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন জরিপ শাখার মাতুয়াইলে ময়লা ও বর্জ ফেলার স্থান সংলগ্ন এলাকায় লিচেট আউট এর কারণে দূষণের বিস্তৃতি নির্ণয়ে ভুপদার্থিক জরিপ কাজটি আংশিক সংশোধন করে সংলগ্ন এর স্থলে পার্শ্ববর্তী কথাটি সংযোজন করা হয়েছে এবং বর্তমানে সেখানে কাজ চলছে। কাজের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে জনাব মুহঃ এরশাদুল হক, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, গতকাল ঘুর্ণিঝড়ের কারণে তারা কাজ করতে পারেনি আজ যথারীতি কাজ শুরু করেছে এবং কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি বহিরংগন দলটির আবাসনের ব্যবস্থা করায় মহাপরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা থেকে একটি দল সিলেট জেলার গোয়াইনঘাট এলাকায় বহিরংগন কাজের উদ্দেশ্যে আজই সদর দপ্তর ত্যাগ করবে। সভাপতি জানতে চান যে, কাজের সময় সংশ্লিষ্ট শাখার শাখাপ্রধান যাবে কিনা। এ বিষয়ে শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখার শাখা প্রধান জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তিনি এক সপ্তাহ পর কাজ তদারকি ও পরিদর্শনের জন্য যাবেন। অতঃপর সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব)-কে বহিরংগনে অবস্থান কালে সিলেটের গোয়াইনঘাটে অবস্থিত জিওলজিক্যাল হেরিটেজের জন্য নির্ধারিত জায়গার অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসকের সাথে আলোচনা করার কথা বলেন। পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, নভেম্বর মাসে ৩টি বহিরংহন কাজ বাস্তবায়নের কথা রয়েছে। তিনি উল্লেখ করেন বিদ্যমান ম্যাগনেটোমিটারটি সচল না থাকায় এই মূহূর্তে সংশ্লিষ্ট কাজটি করা যাচ্ছে না। নতুন ম্যাগনেটোমিটার ক্রয়ের জন্য ইতোমধ্যে টেন্ডার আহ্বান করা হয়েছে। এ যন্ত্রটি ডিসেম্বর নাগাদ পৌছাতে পারে এবং তখন বহিরংগন কাজটি করা যেতে পারে। তবে বাকি ২টি বহিরংগন কাজের মধ্যে একটি পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা থেকে সুনামগঞ্জ জেলায় অন্যটি উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা থেকে খুলনা জেলায় যথাসময়ে বাস্তবায়ন করা হবে। সভাপতি সিডিউল মোতাবেক সকলের সাথে সমন্বয় করে সঠিকভাবে কাজ বাস্তবায়নের কথা বলেন। | বহিরংগন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সকল শাখা। |

| | | | |
|---|---|---|---|
| ৩.২। | ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনার শুরুতেই সভাপতি বলেন প্রত্যেক মাসে এপিএ মিটিং হচ্ছে কিনা? এবং বলেন সমন্বয় সভার সাথে এপিএ'র সূচকগুলো ধরে অগ্রগতি আলোচনা করা যেতে পারে। জনাব আরিফ মাহমুদ পরিচালক (ভূতত্ত্ব) বলেন, প্রত্যেক মাসে এপিএ টিম সভার আয়োজন করে এবং ৫টুলস এর ফোকাল পয়েন্টগণ টিমের সদস্য হওয়ায় সেগুলোর অগ্রগতি ও করণীয় নিয়েও আলোচনা হয়। এপিএ অগ্রগতির ক্ষেত্রে তিনি বলেন প্রতি ৩ মাস অন্তর অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তিনি সভায় জানান যে, নমুনা তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ এ টার্গেট ধরা আছে ৩০০টি নমুনার। ইতোমধ্যে ১৪৭টি নমুনা বিশ্লেষণ সম্পন্ন হয়েছে। মানব সম্পদ উন্নয়নের ক্ষেত্রে মোট ২০০জন মানব সম্পদ উন্নয়নের লক্ষ্য ধরা আছে তার মধ্যে গত ৩ মাসে ৯১ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। সেমিনার আয়োজনের টার্গেট রয়েছে ১৫টি ইতোমধ্যে ৬টি সেমিনার সম্পন্ন করা হয়েছে। তিনি আরও বলেন বাকি গুলো সঠিকভাবে চলছে আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যে সকল টার্গেট সম্পন্ন করা সম্ভব হবে। সভাপতি জানতে চান যে, বাস্তবায়নের ক্ষেত্রে কোন চ্যালেঞ্জ আছে কিনা এবং ৫ টুলস এর অবস্থা কী। তিনি এপিএ টিম কে সভা আয়োজন করে সূচক ধরে ধরে চ্যালেঞ্জ চিহ্নিত করে তাকে সার্বিক বিষয়ে অবহিত করার কথা বলেন। যাতে চ্যালেঞ্জ থাকলে আগে থেকেই সমাধান করা যায়| | এপিএ টার্গেটসমূহ যথা সময়ে পূরণ করতে হবে। | এপিএ টিমসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৩.৩। | কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মো: কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৪০তম বিসিএস থেকে ৪৫তম বিসিএস পর্যন্ত নন ক্যাডার পদে নিয়োগ দেয়ার জন্য শূন্য পদের তালিকা চাওয়া হয়েছিল। এখন থেকে প্রত্যেক বিসিএস এর বিজ্ঞপ্তি প্রাকাশের তারিখে শূন্য পদের সংখ্য অনুসারে সুপারিশ করবে, সেক্ষেত্রে ৪০ বিসিএসএ জন্য মাত্র ২টি পদ বরাদ্দ থাকে। এছাড়া তিনি সভায় আরও জানান যে, ২৩টি পদের চলমান নিয়োগের বিষয়ে আজকেও বিপিএসসিতে যোগাযোগ করা হয়েছিল তারা একই কথা বলেছেন যে, ফল প্রকাশের জন্য আইটি বিভাগে প্রেরণ করা হয়েছে। | নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| ৩.৪। | জনাব মো: কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) সভায় জানান যে, গত ১১/১০/২০২২ তারিখে জিএসবির বিভিন্ন প্রকল্পে ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহ ও অনুমোদিত গাড়ীসমূহের প্রাধিকার পরিবর্তন করে ৪টি মাইক্রোবাস ও ১টি স্টাফ বাস টিএন্ডই ভূক্তির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মহাপরিচালক মহোদয়ও উপস্থিত ছিলেন। সভায় ৪টি মাইক্রোবাস ও ১টি স্টাফ বাস প্রস্তাব অনুযায়ী অনুমোদন করা হয়েছে। তারা ব্যস্ততার দরুন এখনও কাযবিবরণী তৈরি করতে পারেনি। তবে অচিরেই সেটা সিদ্ধান্ত আকারে জানানো হবে বলে জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছে। | টিএন্ডওই ভুক্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে | অপারেশন ও সমন্বয় শাখা |
| **বিবিধ আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | প্রকল্প বিষয়ক আলোচনায় জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) তার শাখা কর্তৃক প্রস্তাবকৃত প্রকল্পের বিষয়ে বলেন, নরওয়ের সাথে পূর্বে সাক্ষরিত মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) এর মেয়াদ বৃদ্ধির নিমিত্তে অনুমোদন ও স্বাক্ষরের জন্য ফাইল মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন, গত কাল তার শাখার উপপরিচালক জনাব আবু সাঈদ মোহাম্মদ ফয়সালকে খোজ নেয়ার জন্য মন্ত্রণালয়ে পাঠানো হয়েছিল। সে জানিয়েছে যে, ফাইলটি উন্নয়ন শাখায় আছে এবং সেখান থেকে অনুমোদনের পর স্বাক্ষরের জন্য মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করা হবে। সভাপতি ফাইলটি কোথায় আছে সঠিক ভাবে জেনে তাকে জানানোর কথা বলেন এবং তিনি পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন বলে উল্লেখ করেন।<br>ড্রিলিং প্রকৌশল শাখার প্রকল্পের বিষয়ে জনাব মহিরুল ইসলাম, পরিচালক (ড্রিলিং প্রকৌশল ) বলেন, সর্বশেষ সভায় আমাদের পক্ষ থেকে যা করণীয় ছিল সেটা সম্পন্ন করে দেয়া হয়েছ। পরবর্তীতে জনাব মোঃ হাসানুজ্জামান, উপসচিব এর সাথে কথা হলে তিনি বলেন ফাইলটি দেখা হয়েছে এবং তিনি সংশ্লিষ্ট শাখার না হওয়ায় ফাইলটি দিলওয়ারা আলো, উপসচিবের দপ্তরে প্রেরণের কথা বলেন। ফাইলটি এখন জনাব দিলওয়ারা আলো, উপসচিব এর দপ্তরে রয়েছে। অতঃপর সভাপতি তার রেফারেন্স দিয়ে সংশ্লিষ্ট শাখায় কথা বলতে বলেন। | নরওয়ের সাথে পূর্বে সাক্ষরিত মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) এর মেয়াদ বৃদ্ধির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | প্রকল্প প্রণয়ন সংশ্লিষ্ট শাখা |
| ৩.৬ | জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন যে, জিএসবি ভূতাত্ত্বিক বিষয়ে গবেষণা করে বিভিন্ন সময়ে বিভিন্ন রিপোর্ট/ জার্নাল প্রকাশ করে কিন্তু এগুলো দুই একটি বিশ্ববিদ্যালয় ছাড়া তেমন কোন জায়গায় প্রেরণ করা হয়না। ফলে এ তথ্যগুলোর প্রচারণা কম হয় এবং জনসাধারণ বা বিভিন্ন অংশীজনেরাও তেমন জানতে পারে না। সেক্ষেত্রে জিএসবি থেকে সকল জেলা প্রশাসনের লাইব্রেরিগুলোতে প্রেরণ করা যায় কিনা? এ প্রেক্ষিতে সভাপতি বলেন, সব রিপোর্ট না পাঠিয়ে যেগুলো প্রাসঙ্গিক সেগুলো পাঠানো যেতে পারে যেমন নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি এবং বিভিন্ন উন্নয়ন সংস্থাগুলোতেও তাদের সাথে সম্পর্কিত রিপোর্ট পাঠানো যেতে পারে। এছাড়া বিভাগীয় কমিশনারের লাইব্রেরিতে, স্থানীয় সরকার যেমন সিটি কর্পোরেন, পৌরসভাসহ যারা পরিকল্পনার সাথে জড়িত সে সব প্রতিষ্ঠানে রিপোর্ট পাঠানো যেতে পারে। | প্রকাশিত রিপোর্ট/ জার্নাল অংশীজন বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখাসহ সংশ্লিষ্ট শাখাসমূহ |

৪। সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৫৩

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৯
১৭ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) , উপ-মহাপরিচালক এর দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩) জিএসবি’র শাখা প্রধানগণ
৪) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

মোঃ কামরুল আহসান
পরিচালক (ভূতত্ত্ব)